

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৬৬

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ (১৫) সাওমে বিসাল (একবার সাহারী খেয়ে তারপর ইফতার ও সাহারী না খেয়ে নিরবিচ্ছিন্নভাবে কয়েকদিন সিয়াম রাখা) প্রসঙ্গে বর্ণনা

15 _ فَصْلٌ فِي صَوْمِ الْوِصَالِ

আরবী

3566 – أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ الشَّيْبَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ ، عَنْ أَنسِ بْنِ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ ، عَنْ أَنسِ بْنِ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرِيعِ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ ، عَنْ أَنسِ بْنِ مَالِكُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (لا تُواصلوا) قالوا: فإنك تُواصِلُ يارسول اللَّهِ؟ قَالَ: (إِنِّي لستُ كأحدِكُمْ إِنَّ رَبِّي يُطْعِمُني ويَسْقيني) يارسول اللَّه؟ قَالَ: (إِنِّي لستُ كأحدِكُمْ إِنَّ رَبِّي يُطْعِمُني ويَسْقيني) الراوي : أَنس ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3566 ا خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩৫৬৬. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা সাওমে বিসাল (একবার সাহারী খেয়ে তারপর ইফতার ও সাহারী না খেয়ে নিরবিচ্ছিন্নভাবে কয়েকদিন সিয়াম রাখা) পালন করবে না।" সাহাবীগণ বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি যে সাওমে বিসাল পালন করেন?" তিনি জবাবে বলেন, "নিশ্চয়ই আমি তোমাদের মতো নই। নিশ্চয়ই আমার প্রভু আমাকে খাওয়ান এবং পান করান।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২৩৫; তিরমিযী: ৭৭৮; আবূ ইয়ালা: ২৮৭৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৮২; সহীহুল বুখারী: ৭২৪১; সহীহ মুসলিম: ১১০৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৭০; সুনান বাইহাকী: ৪/২৮২; বাগাবী: ১৭৩৯।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৫৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন